

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০১

তারিখ : ১৮ পৌষ, ১৪২৮

০২ জানুয়ারী, ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়গণ,

চলতি ২০২১-২২ অর্থবছরে বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের হার বৃদ্ধি প্রসঙ্গে।


শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর স্মারক নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০৬.২০১৯-২৮৭ তারিখঃ ০১/০১/২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জানানো যাচ্ছে যে, জনমানুষের সার্বিক জীবনমান উন্নয়ন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, মানিলভারিং প্রতিরোধ, কর্মসংস্থান সৃষ্টি এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের গুরুত্ব বিবেচনায় বিদেশে কর্মরত বাংলাদেশী শ্রমজীবী মানুষের কষ্টার্জিত বৈদেশিক আয় বৈধ উপায়ে দেশে প্রত্যাবাসন উৎসাহিত করার লক্ষ্যে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে সরকার কর্তৃক ২% প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের বিদ্যমান হার বাড়িয়ে ২.৫০% এ নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

০৩। বর্ধিত এ হার চলতি ২০২১-২২ অর্থবছরের ০১ জানুয়ারি, ২০২২ হতে কার্যকর বলে গণ্য হবে।

০৪। রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত ইতঃপূর্বে ইস্যুকৃত এফই সার্কুলার নং-৩১ তারিখঃ ০৬/০৮/২০১৯ এবং এর ধারাবাহিকতায় জারিকৃত সার্কুলার পত্রগুলোর অপরাপর নির্দেশনা যথারীতি বলবৎ থাকবে।

০৫। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্বিষয়ে অবহিতকরণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,  
  
(কাজী রফিকুল হাসান)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)


স্মারক নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০৬.২০১৯-২৮৭

তারিখ: ১৭ পৌষ ১৪২৮  
১ জানুয়ারি ২০২২

বিষয়ঃ চলতি ২০২১-২২ অর্থবছরে বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের হার বৃদ্ধি।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনমানুষের সার্বিক জীবনমান উন্নয়ন, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি, মানিলভারিং প্রতিরোধ, কর্মসংস্থান সৃষ্টি এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের গুরুত্ব বিবেচনায় বিদেশে কর্মরত বাংলাদেশী শ্রমজীবী মানুষের কট্টার্জিত বৈদেশিক আয় বৈধ উপায়ে দেশে প্রত্যাভাসন উৎসাহিত করার লক্ষ্যে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে সরকার কর্তৃক ২% প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের বিদ্যমান হার বাড়িয়ে ২.৫০%-এ নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বর্ধিত এ হার চলতি ২০২১-২২ অর্থবছরের ০১ জানুয়ারি, ২০২২ হতে কার্যকর হবে।

২। সরকার কর্তৃক গৃহীত বর্ধিত সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যমান সার্কুলার/নীতিমালা সংশোধনপূর্বক জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

  
২.১.২০২২  
(মোহাম্মদ আনিসুজ্জামান)  
উপসচিব

☎ ৯৫১৪১৪৬

ইমেইল: [anism321@finance.gov.bd](mailto:anism321@finance.gov.bd)

গভর্নর  
বাংলাদেশ ব্যাংক  
মতিঝিল বা/এ, ঢাকা